

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৫৭১

আগরতলা, ১২ জানুয়ারি, ২০২৪

ইন্দ্রনগর ও যোগেন্দ্রনগরে হ্যান্ডিক্র্যাফটস ক্লাস্টার পরিদর্শনে রাজ্যপাল



রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু আজ সকালে ইন্দ্রনগরস্থিত হ্যান্ডিক্র্যাফটস ক্লাস্টার পরিদর্শন করেন। রাজ্যপালকে চিরাচরিত রিসা পরিয়ে ও পুষ্পস্তাবক দিয়ে স্বাগত জানান হস্ততাঁত, হস্তকারু ও রেশম শিল্প দপ্তরের অধিকর্তা তরুণ দেববর্মা। পরিদর্শনের সময় রাজ্যপালের সঙ্গে ছিলেন রাজ্যপাল পত্নী রেণুকা নাথু। সঙ্গীক রাজ্যপাল ক্লাস্টারের উৎপাদিত হস্ততাঁত সামগ্রী ঘুরে দেখেন এবং হস্ততাঁত শিল্পীদের সাথে মতবিনিময় করেন। এরপর রাজ্যপাল যোগেন্দ্রনগরের হ্যান্ডিক্র্যাফটস ক্লাস্টারটিও পরিদর্শন করেন। সেখানেও সঙ্গীক রাজ্যপাল বিভিন্ন হস্ততাঁত সামগ্রীগুলি ঘুরে দেখেন ও হস্ততাঁত শিল্পীদের সঙ্গে মত বিনিময় করেন। রাজ্যপাল শিল্পীদের কাজের ভূয়সী প্রশংসাও করেন।
